-২২৬-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.১০৪.৯৯.০০৯.২০, ২২৬ তারিখ: ০৮ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ঘোষ সুব্রত, উপমহাপরিচালক, বিবিএস। |
| সভার তারিখ | : | ২২ সেপ্টেম্বর, ২০২০ খ্রি.। |
| সময় | : | দুপুর ০২.৩০ ঘটিকা। |
| স্থান | : | উপমহাপরিচালক এর সভাকক্ষ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

২.০ সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মেহেনাজ তাবাসসুম, ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নলিখিত আলোচনা হয়।

৩.০ আলোচনা:

৩.১) আলোচ্যসূচি (ক) অনুযায়ী ফোকাল পয়েন্ট কর্মকর্তা আগষ্ট/২০২০ মাসের সিদ্ধান্তসমূহের অগ্রগতি তুলে ধরেন। তিনি জানান যে, গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে।

৩.২) আলোচ্যসূচি (খ) অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর কর্মসম্পাদন সূচকসমূহের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২০) অগ্রগতি পর্যালোচনা করা হয়। এ বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক আগামী ১৫ অক্টোবর, ২০২০ তারিখের মধ্যে কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ এবং এপিএএমএস সফটওয়ারে প্রদান করার বাধ্যবাধকতা রয়েছে। এ পরিপ্রেক্ষিতে সভায় জুলাই-সেপ্টেম্বর, ২০২০ সময়ে বাস্তবায়নযোগ্য কর্মসম্পাদন সূচকসমূহ উপস্থাপন করা হয়।

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক |
|---|---|
| [১.৩] মূল্য ও মজুরী পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ | [১.৩.১] ভোক্তা মূল্য সূচক (CPI) এবং মজুরির হার সূচক (WRI) প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ |
| | [১.৩.২] নির্মাণ সামগ্রী মূল্য সূচক (BMPI) প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ |
| | [১.৩.৩] বাড়ি ভাড়া সূচক (HRI) প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ |
| [১.৪] চলতি উৎপাদন পরিসংখ্যান প্রস্তুতকরণ | [১.৪.১] উৎপাদকের মূল্য সূচক (PPI) প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ |
| | [১.৪.২] শিল্প উৎপাদন সূচক-বৃহৎ ও মাঝারি (QIIP-Large & Medium Scale) প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ |
| | [১.৪.৩] শিল্প উৎপাদন সূচক-ক্ষুদ্র (QIIP-Small Scale) প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ |
| [১.৬] ওজিডি এর ওয়েবপোর্টালে ডাটাসেট আপলোডকরণ | [১.৬.১] আপলোডকৃত ডাটাসেট |
| [১.৭] মাইক্রো ডাটাসেট সরবরাহ ও বিক্রয় | [১.৭.১] সরবরাহকৃত ডাটাসেট |
| [১.১৩] মাসিক পরিসংখ্যান বুলেটিন বাংলাদেশ প্রকাশ | [১.১৩.১] প্রকাশকরণ (ওয়েবসাইটে আপলোড) |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক |
|---|---|
| [১.১৪] ভোক্তা মূল্য সূচক (CPI) ও মজুরি হার সূচক (WRI) সংক্রান্ত মাসিক প্রকাশনা | [১.১৪.১]প্রকাশকরণ (ওয়েবসাইটে আপলোড) |
| [১.১৫] শিল্প উৎপাদন সংক্রান্ত মাসিক রিলিজ প্রকাশ | [১.১৫.১]প্রকাশকরণ (ওয়েবসাইটে আপলোড) |
| [২.২] জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প | [২.২.২] জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর মূল শুমারির প্রশ্নপত্র প্রিটেস্টিং কার্যক্রম |
| [২.৩] জিডিপি'র ভিত্তি বছর ২০০৫-০৬ হতে ২০১৫-১৬ তে পরিবর্তন | [২.৩.১] পরিবর্তনের পরিমাণ |
| [২.৬] এসডিজি ট্র্যাকার হালনাগাদকরণ | [২.৬.১] SDG Tracker বিষয়ে উপাত্ত প্রদানকারী ও অনুমোদনকারীগণকে প্রশিক্ষণ প্রদান |
| [৩.১]সেমিনার/সিম্পোজিয়াম/ কর্মশালার আয়োজন | [৩.১.১]সেমিনার/কর্মশালা/সিম্পোজিয়াম আয়োজনের সংখ্যা |
| [৩.২] স্থানীয় প্রশিক্ষণ | [৩.২.১] অংশগ্রহণকৃত প্রশিক্ষণার্থী |
| [৩.৩] মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন | [৩.৩.১] বাস্তবায়িত সিদ্ধান্ত |
| [৩.৪] পরিসংখ্যান ভবনের ছাদ, কমন স্পেস, সিঁড়ি, সানসেট, পানির ট্যাংক ইত্যাদি নিয়মিত পরিস্কার করা | [৩.৪.১] সরেজমিনে পরিদর্শনপূর্বক ত্রৈমাসিক প্রতিবেদন |
| [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত |
| | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত |
| [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত |
| [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত |
| [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত |
| [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত |
| [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত |
| [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত |
| | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ |
| [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত |
| [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত |
| [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত |
| | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত |

সভাপতি জানান যে, মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক যথাসময়ে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের নিমিত্ত সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে পত্র প্রদান করা যেতে পারে। সভায় সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

৪.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

৪.১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে স্ব স্ব কর্মসম্পাদন সূচকের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২০) অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রদান করতে হবে।

৪.২) আগামী ১৫ অক্টোবর, ২০২০ তারিখের মধ্যে কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ এবং এপিএএমএস সফটওয়ারে প্রদান করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৯/২০২০
ঘোষ সুবব্রত
উপমহাপরিচালক, বিবিএস
ও
প্রধান, এপিএ টিম
বিবিএস

বিতরণঃ কার্যার্থে/জ্ঞাতার্থে:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১) পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা। ।
০২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা। ।
০৩) জনাব মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, সেন্সাস উইং, বিবিএস, ঢাকা।
০৪) জনাব মেহেনাজ তাবাসসুম, উপপরিচালক, এফএ অ্যান্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
০৫) জনাব প্রলয় কুমার গোস্বামী, সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, কম্পিউটার উইং, বিবিএস,ঢাকা।
০৬) জনাব মোহাম্মদ জুনাঈদ ভূঁইয়া, পরিসংখ্যান কর্মকর্তা, উপমহাপরিচালকের স্টাফ অফিসার, বিবিএস, ঢাকা।

অনুলিপি: জ্ঞাতার্থে:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১) অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২) স্টাফ অফিসার, মহাপরিচালকের কার্যালয়, বিবিএস, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩) স্টাফ অফিসার, উপ-মহাপরিচালকের কার্যালয়, বিবিএস (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য ) ।
০৪) অফিস কপি।